# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারী-মার্চ ২০২৪) সংখ্যা ০৪

## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' ৪র্থ সংখ্যা প্রকাশিত হচ্ছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৭টি বিভাগের ৫৬টি জেলায় ৪৪৫ টি অফিস ও প্রায় ৫,৫০০ জন জনবল দ্বারা ২৪টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ৮.০০ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষ্যিত জনগোষ্ঠির অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব গাক চক্ষু হ াসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীন নারী-পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় জানুয়ারী-মার্চ ২০২৪ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি সম্বলিত সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' চতুর্থ সংখ্যায় প্রকাশ করা হয়েছে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।


## সম্পাদনা পরিষদ ঃ

**সম্পাদক ঃ**
ড. খন্দকার আলমগীর হোসেন
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক
মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক
মোঃ জিয়া উদ্দিন সরদার, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন

**প্রকাশনায়ঃ**
কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ
গ্রাম উন্নয়ন কর্ম (গাক)
গাক টাওয়ার, বনানী, বগুড়া।
E-mail: info@guk.org.bd,
Website: www.guk.org.bd
Facebook: https://www.facebook.com/guk.org.bd
Mobile: 01733-366999




## নিরাপদ কৃষি ও প্রাণিজ পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের চুক্তিপত্র স্বাক্ষর

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক প্রস্তাবিত বগুড়া এবং বরিশাল জেলার প্রত্যন্ত অঞ্চলের কৃষি উদ্যোক্তাদের অংশগ্রহণে নিরাপদ কৃষি ও প্রাণিজ পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের আনুষ্ঠানিক চুক্তিপত্র সম্প্রতি সিটি ব্যাংক পিএলসি এর সাথে সম্পাদিত হয়েছে। অনুষ্ঠানে গাক এর পক্ষে চুক্তি স্বাক্ষর করেন নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এবং সিটি ব্যাংক পিএলসি এর পক্ষে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও চিফ বিজনেস অফিসার শেখ মোহাম্মদ মারুফ। সিটি ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় প্রকল্পাধীন নিরাপদ কৃষি ও প্রাণিজ পণ্যের প্রক্রিয়াজাতকরণে উদ্যোক্তাদের প্রশিক্ষণ, আধুনিক প্রযুক্তি হস্তান্তর, মার্কেট লিংকেজ সহ বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কর্মকাণ্ড বাস্তবায়ন করা হবে। চুক্তিপত্র স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিটি ব্যাংক পিএলসি'র অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও চিফ ফিন্যান্সিয়াল অফিসার মোহাম্মদ মাহবুবুর রহমান, কান্ট্রি বিজনেস ম্যানেজার মোঃ আশানুর রহমান, হেড অফ ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশন্স অ্যান্ড কর্পোরেট অ্যাফেয়ার্স জনাব শাহরিয়ার জামিল, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী (কমিউনিকেশন এ্যান্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার সহ সিটি ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।




## বগুড়ায় গাক ইন্সটিটিউট অব টেকনোলজি (জিআইটি)'র শিক্ষা কার্যক্রম এর শুভ উদ্বোধন

জনশক্তিকে জনসম্পদে পরিণত করে কারিগরি শিক্ষায় শিক্ষিত করার মধ্য দিয়ে বেকারত্ব হ্রাস করা ও শতভাগ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে "গাক ইনস্টিটিউট অফ টেকনোলজি (জিআইটি)'র শিক্ষা কার্যক্রমের অগ্রযাত্রা শুরু হলো। শুক্রবার (২ ফেব্রুয়ারী ২০২৪) গাক প্রধান কার্যালয়স্থ গাক কনফারেন্স হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় আনুষ্ঠানিকভাবে জিআইটি'র শিক্ষা কার্যক্রমের শুভ উদ্বোধন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ সুলতান-উল-ইসলাম।

গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি প্রফেসর ড. মোঃ সুলতান-উল-ইসলাম গাক'র বিভিন্ন উন্নয়নমুখী কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। কর্মমুখী শিক্ষা গ্রহণ করে দেশের জনশক্তিকে দেশের জন্য কাজে লাগিয়ে উন্নত বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। শুধু সার্টিফিকেট অর্জনই নয় প্রকৃত শিক্ষা গ্রহণ করে কারিগরি শিক্ষাকে কাজে লাগিয়ে নিজের ভবিষ্যৎ আলোকিত করার পরামর্শ দেন।

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারী-মার্চ ২০২৪) সংখ্যা ০৪



## বিশ্বব্যাংক এর প্রতিনিধি কর্তৃক বগুড়ায় গাক এর রেইজ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন রেইজ প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন বিশ্বব্যাংক এর সিনিয়র সোশ্যাল প্রোটেকশন ইকোনমিস্ট ও RAISE টাস্ক টিম লিডার আনিকা রহমান এবং অপারেশনস কনসালটেন্ট, সোশ্যাল প্রোটেকশন এ্যান্ড জবস নুশীন সোবহান। এ সময় পিকেএসএফ এর মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও প্রকল্প সমন্বয়কারী (রেইজ) জনাব দিলীপ কুমার চক্রবর্তী, ডিপিসি জনাব গোলম জিলানী, পিএম মোঃ বেলাল হোসেন ও কাজী মশরুর উল আলম, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (এমএফ-১) জনাব পংকজ কুমার সরকার, যুগ্ম-পরিচালক রবিউল ইসলাম সহ সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। বিশ্বব্যাংকের প্রতিনিধিগণ রেইজ প্রকল্পের আওতায় ক্ষুদ্র উদ্যোক্তাদের বিভিন্ন ধরণের উন্নয়ন কার্যক্রম পরিদর্শন শেষে গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সভাপতিত্বে প্রধান কার্যালয়ে এক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। উক্ত সভায় প্রতিনিধিগণ গাক'র রেইজ প্রকল্পের কার্যক্রমের ভূয়সী প্রশংসার পাশাপাশি সন্তোষ প্রকাশ করেন।



## জিগ্যলোর গ্রামের দরিদ্র নারীদের কর্মসংস্থান সৃষ্টি করে তাদের মুখে হাসি ফুটিয়েছে

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর অঙ্গ প্রতিষ্ঠান 'জিগ্যালোর' একটি লাইফ স্টাইল ব্রান্ড হিসেবে সাব সেন্টার স্থাপনের মাধ্যমে দেশে বিভিন্ন ধরণের পণ্য সামগ্রী তৈরী করে বিক্রয় করছে। পাশাপাশি উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিক্রয়ের মাধ্যেমে ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা করছে। ফলে গ্রামীণ দারিদ্র বেকার নারীদের কর্মসংস্থান সৃষ্টি করে আয় বৃদ্ধির মাধ্যেমে তাদের মুখে হাসি ফুটিয়েছে।

## গাক'র আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের উদ্যোক্তাদের মাঝে আর্থিক অনুদানের চেক বিতরণ



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পিকেএসএফ ও ইফাদ এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলার সদর, কাহালু, নন্দীগ্রাম ও শাজাহানপুর উপজেলার বিভিন্ন উদ্যোক্তাদের মাঝে আর্থিক অনুদানের চেক বিতরণ অনুষ্ঠান ২৩শে জানুয়ারি ২০২৪ ইং তারিখে গাক টাওয়ারে অনুষ্ঠিত হয়। প্রকল্পের আর্থিক সহায়তায় স্থাপিত পোল্ট্রি ডায়াগনস্টিক ল্যাব এর উদ্যোক্তা ডা. বিশ্বজিত নন্দী, একদিন বয়সী হাঁসের বাচ্চা উৎপাদনে হ্যাচারী উদ্যোক্তা মোঃ আব্দুল মান্নান, চিকেন মডেল কুপের নারী উদ্যোক্তা মোছাঃ এলিজা পারভীন, জৈব সার কারখানা উদ্যোক্তা মোঃ মেহেদী হাসান, ভ্যাকসিন হাবের উদ্যোক্তা মোঃ মেহেদুল ইসলাম এবং পিজিওন সার্ভিস সেন্টারের উদ্যোক্তা মোঃ লুৎফর রহমান কে অনুদানের চেক প্রদান করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এসময় আরো উপস্থিত ছিলেন গাকের কনসালটেন্ট মোঃ মোবারক হোসেন তালুকদার, যুগ্ম পরিচালক, অর্থ ও হিসাব খোরশেদ আলম, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়াউদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক মোঃ রহমত আলী সহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



## ব্র্যাক ব্যাংক পিএলসি এর উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল উৎপাদন ও বাজার উন্নয়ন প্রকল্প পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন প্রকল্পের আওতায় চরাঞ্চলে কৃষকগণ হাইব্রিড ভূট্টা, মরিচ ও সরিষা চাষে সফলতা পাচ্ছেন। প্রকল্পটি ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় গাক সারিয়াকান্দি উপজেলার চরাঞ্চলের ১৪০০ কৃষককে সম্পৃক্ত করে উচ্চ মূল্যের ফসল (মরিচ, ভূট্টা, সরিষা এবং পাট) উৎপাদন ও বাজারজাতকরনের লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে। প্রকল্পের আওতায় কৃষকদের ভালো মানের বীজ, সার, কীটনাশক, প্রশিক্ষণসহ নিয়মিত কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে। গত ১৭ জানুয়ারী ২০২৪ তারিখে ব্র্যাক ব্যাংক পিএলসি এর উর্ধ্বতন কর্মকর্তা জনাব মোঃ রকিবুল হাসান এবং জনাব মোঃ মাহবুব আলম সারিয়াকান্দির চরাঞ্চলে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে সন্তোষ্টি প্রকাশ করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন গাক'র সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন জনাব মোঃ জিয়া উদ্দিন সরদার, জোনাল ম্যানেজার জনাব মোঃ মাসুদুর রহমান, প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ রাজি বিল্লাহসহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারী-মার্চ ২০২৪) সংখ্যা ০৪



## চরের কৃষকের মাঝে মরিচ চাষের জন্য কৃষি যন্ত্রাংশ ও সরঞ্জামাদি বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন প্রকল্পের আওতায় চরাঞ্চলে কৃষকদের মাঝে মরিচ চাষের জন্য কৃষি যন্ত্রাংশ ও সরঞ্জামাদি বিতরণ করেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি উপস্থিত কৃষকদের সাথে মতবিনিময় করেন এবং বিতরণকৃত আধুনিক কৃষি যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সমূহের সঠিক ব্যবহার নিশ্চিত করতে দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। এসময় আরও উপস্থিত ছিলেন সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, যুগ্ম-পরিচালক খোরশেদ আলম, উপপরিচালক মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী (কমিউনিকেশন এ্যান্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক মোঃ রাজি বিল্লাহ সহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

প্রকল্পটি ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় গাক সারিয়াকান্দি উপজেলার চরাঞ্চলের ২৪০ জন কৃষককে সম্পৃক্ত করে উচ্চ মূল্যের ফসল মরিচ উৎপাদন ও বাজারজাতকরনের লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে।



## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ৩ দিনব্যাপী "ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এ যোগদানকৃত নতুন ফিল্ড অফিসারদের অংশগ্রহণে গাক প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ৩ দিন ব্যাপী (২৬-২৮ ডিসেম্বর ২০২৩) "ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" এনজিও ফোরাম রিজিওনাল অফিস ও ট্রেনিং সেন্টার, যশোরে অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণটি জনাব কবির উদ্দিন, সমন্বয়কারী-প্রশিক্ষণ এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত হয়। উক্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন গাক এর পরিচালক (এমএফ) জনাব পংকজ কুমার সরকার, পরিচালক প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা জনাব মো: হুমায়ুন খালেদ এবং পরিচালক-মনিটরিং ও রিভিউ জনাব হজকিল মো: আবু হাসানসহ সংস্থার অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "ঋণ কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা বিষয়ক" প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "ঋণ কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ" ১৯-২০ জানুয়ারি ২০২৪ তারিখ গাক প্রশিক্ষণ কক্ষ, গাক টাওয়ার, বনানী বগুড়ায় অনুষ্ঠিত হয়। সংস্থার শাখা ব্যবস্থাপকদের অংশগ্রহণে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সটিতে সেশন পরিচালনা করেন মো: আবু রায়হান মিঞা, পরিচালক (মাইক্রোফাইন্যান্স-এসএমএপি), মো: হুমায়ুন খালেদ, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা), মো: হাসান আশরা-ফু-জ্জামান, যুগ্ম পরিচালক (মাইক্রোফাইন্যান্স-এসএমএপি) এবং অন্যান্য প্রশিক্ষণ কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণ সমাপনী দিনে উপস্থিত ছিলেন সংস্থার সম্মানিত নির্বাহী পরিচালক মহোদয় ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি শাখা ব্যবস্থাপকগনের মাঠ পর্যায়ে সততা, নিষ্ঠা ও জবাবদিহিতা নিশ্চিত করার তাগিদ দেন।

এছাড়াও উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মাহবুব আলম, মো: আবু রায়হান মিঞা পরিচালক (মাইক্রোফাইন্যান্স-এসএমএপি) সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণ কোর্সটির কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মো: আব্দুল আলীম।




## গাক'র এসএমএপি প্রকল্পের আওতায় জিংক সমৃদ্ধ ধানের প্রর্দশনী প্লট স্থাপন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন এসএমএপি প্রকল্পের আওতায় রাজশাহী জেলাধীন পবা উপজেলাসহ প্রকল্পভূক্ত অন্যান্য এলাকায় জিংক সমৃদ্ধ ব্রি-ধান ১০২ এর প্রর্দশনী প্লট স্থাপনের মাধ্যমে কৃষকদের জিংক সমৃদ্ধ ধান চাষে উদ্বুদ্ধ করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় রাজশাহী জেলাধীন পবা উপজেলার কাজিপাড়া গ্রামের কৃষক মোঃ কাজী পারেশ তার ১৫ শতক জমিতে ব্রি-ধান ১০২ চাষ করে আশানুরুপ ধানের উৎপাদন পেয়ে সন্তোষ প্রকাশ করে। উল্লেখ্য, মানব শরীরে জিংক এর ঘাটতি পূরনে জিংক সমৃদ্ধ ধানের ভাত গুরুত্বপূর্ণ পালন করে।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারী-মার্চ ২০২৪) সংখ্যা ০৪



## গাক'র রাজশাহী ডিভিশনের ঋণ কার্যক্রমের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ঋণ কার্যক্রমের রাজশাহী ডিভিশনের মাসিক সমন্বয় সভা ৫ ফেব্রুয়ারি ২০২৪ ইং তারিখে নাটোরে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি ঋণ কার্যক্রমের সার্বিক অগ্রগতি পর্যালোচনা করেন এবং কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দিকনির্দেশনা মূলক বক্তব্য প্রদান করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এছাড়াও উপস্থিত ছিলেন পরিচালক (এমএফ-২) মোঃ মোখলেছুর রহমান, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (মনিটরিং এ্যান্ড রিভিউ) হজকিল মোঃ আবু হাসান, রাজশাহী ডিভিশনের ক্রেডিট কোঅর্ডিনেটর মোঃ আব্দুর রহিমসহ অত্র ডিভিশনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

## গাক'র মাগুরা ডিভিশনের ঋণ কার্যক্রমের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত




গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ঋণ কার্যক্রমের মাগুরা ডিভিশনের মাসিক সমন্বয় সভা ১০ ফেব্রুয়ারি ২০২৪ ইং তারিখে যশোরে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি ঋণ কার্যক্রমের সার্বিক অগ্রগতি পর্যালোচনা করেন এবং কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দিকনির্দেশনা মূলক বক্তব্য প্রদান করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এছাড়া আরও উপস্থিত ছিলেন পরিচালক (এমএফ-২) মোঃ মোখলেছুর রহমান, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (মনিটরিং এ্যান্ড রিভিউ) হজকিল মোঃ আবু হাসান, মাগুরা ডিভিশনের ক্রেডিট কোঅর্ডিনেটর শেখ মোস্তাগাউসুল হক সহ অত্র ডিভিশনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।



## "নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার" বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন Water.org এর অর্থায়নে ও InM এর সহযোগিতায় WCAD কর্মসূচির আওতায় সংস্থার ৩০ জন শাখা ব্যবস্থাপকদের অংশগ্রহণে "নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার" বিষয়ক প্রশিক্ষণ ১৩ ফেব্রুয়ারি ২০২৪ ইং তারিখে কনফারেন্স রুম, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। এসময় আরও উপস্থিত ছিলেন পরিচালক (এমএফ-১) জনাব পংকজ কুমার সরকার, সমন্বয়কারী (কমিউনিকেশন এ্যান্ড ডকুমেন্টেশন) জনাব মোঃ জিয়া উদ্দিন সরদার, জোনাল ম্যানেজার, এরিয়া ম্যানেজারসহ সংস্থার ঋণ কার্যক্রমের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ

অমর একুশে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে একুশের প্রথম প্রহরে শহিদ মিনারের বেদীতে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে মহান ভাষা আন্দোলনে শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন সংস্থার পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) জনাব মোঃ হুমায়ুন খালেদ, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদার সহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারী-মার্চ ২০২৪) সংখ্যা ০৪




## গাক চক্ষু হাসপাতাল কর্তৃক কক্সবাজার জেলায় ফ্রি স্বাস্থ্য ও চক্ষু সেবা ক্যাম্পের আয়োজন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন (The Education and Health Support Project at Cox's Bazar) শীর্ষক প্রকল্পের আওতায় ২১-২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে কক্সবাজার সদর উপজেলার দক্ষিণ খরুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফ্রি স্বাস্থ্য ও চক্ষু সেবা ক্যাম্প আয়োজন করা হয়। গাক এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সম্রাট খীসা, উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর, কক্সবাজার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব কাউসার জামাল, বাংলাদেশ প্রতিনিধি, (Comfort Aid International)। উল্লেখ্য যে, দু'দিন ব্যাপি ফ্রি স্বাস্থ্য ও চক্ষু সেবা ক্যাম্পে প্রায় ৬ শতাধিক রোগী চক্ষু ও স্বাস্থ্য সেবা গ্রহণ করেন এবং ক্যাম্প থেকে বাছাইকৃত ৩০ জন চোখের ছানি পড়া রোগীদের বিনামূল্যে ছানি অপারেশন করানো হয়। সংস্থার নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন কক্সবাজার জেলাধীন উখিয়া উপজেলায় গাক কর্তৃক পরিচালিত রোহিঙ্গা শিশুদের জন্য স্কুল এবং উক্ত স্কুলে আয়োজিত দুই দিন ব্যাপি বিনামূল্যে চক্ষু সেবা ক্যাম্প পরিদর্শন করেন। বিনামূল্যে চক্ষু সেবা ক্যাম্প এবং স্কুল পরিদর্শনকালীন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এবং গাক এর অন্যান্য কর্মকর্তাগন উপস্থিত ছিলেন। এছাড়াও ক্যাম্প পরিচালনায় উপস্থিত ছিলেন ডাঃ আল মোস্তাকিম অর্ণি, ডাঃ তমা খন্দকার, ডাঃ এ এস এম ইফতেখারুজ্জামান, ডাঃ আব্দুল্লাহ আল মাহবুব, মেডিকেল শিক্ষার্থী তামান্না খন্দকার, গাক চক্ষু হাসপাতাল উত্তরা'র ম্যানেজারসহ বিভিন্ন ষ্টাফগণ।



## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "আচরণগত পরিবর্তন ও নেতৃত্ব উন্নয়ন বিষয়ক" প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত মাঠ পর্যায়ে ব্যবস্থাপকগনের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২ দিনব্যাপী "আচরণগত পরিবর্তন ও নেতৃত্ব উন্নয়ন বিষয়ক" প্রশিক্ষণ ১৬-১৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ গাক প্রশিক্ষণ কক্ষ, গাক টাওয়ার, বনানী বগুড়ায় অনুষ্ঠিত হয়। শাখা ও এলাকা ব্যবস্থাপকদের অংশগ্রহণে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সটি পরিচালনায় সহায়তা করেন ব্র্যাক ট্রেনিং ফ্যাসিলিটেশন ইউনিট। উক্ত প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংস্থার সম্মানিত নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি শাখা ব্যবস্থাপকগনকে উক্ত প্রশিক্ষণের শিক্ষণ থেকে জ্ঞান নিয়ে মাঠ পর্যায়ে সততা, নিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার তাগিদ দেন। এছাড়াও সমাপনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মো: মাহবুব আলম, প্রশিক্ষক আব্দুল আলিম এবং ব্র্যাক এর ফ্যাসিলিটেটরবৃন্দ।

## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "ঋণ কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা বিষয়ক" প্রশিক্ষণ অনুষ্ঠিত




গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন রেইস প্রকল্পের আওতায় ৩ দিনব্যাপী "ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা ১৭-১৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ গাক প্রশিক্ষণ কক্ষ, গাক টাওয়ার, বনানী বগুড়ায় অনুষ্ঠিত হয়। পিকেএসএফ এর আয়োজনে সহযোগী সংস্থার রেইস প্রকল্পের আওতায় ২২ জন একাউন্টস অফিসারদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পিকেএসএফ এর রেইস প্রকল্পের ডেপুটি প্রজেক্ট কো অর্ডিনেটর মোঃ খালেদ মাহফুজুর রহমান, ফিনান্সিয়াল স্পেশালিস্ট মোঃ তরিকুল ইসলাম এবং এসিস্টেন্ট একাউন্টস অফিসার অনামিকা লস্কর। প্রশিক্ষণে আরও উপস্থিত ছিলেন উপপরিচালক মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার ও ট্রেনিং কোঅর্ডিনেটর মোঃ কবীর উদ্দিন প্রমুখ। প্রশিক্ষণ কোর্সটির কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মো: আব্দুল আলীম।

## গাক'র আয়োজনে ভিডব্লিউবি কর্মসূচির প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত




গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত 'ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি)' গ্রামীণ মহিলাদের চরম দরিদ্র অবস্থা হতে উত্তরণে সহায়তা দান কর্মসূচি হিসেবে গাক বগুড়া জেলাধীন শাজাহানপুর ও নন্দীগ্রাম উপজেলায় কাজ করছে। উক্ত কর্মসূচীর আওতায় মাঠ পর্যায়ে কর্মরত প্রশিক্ষকদের ২০২৩-২০২৪ চক্রের ১৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে গাক প্রধান কার্যালয়, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তাহমিদা আক্তার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, শাজাহানপুর, বগুড়া এবং গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন মোঃ শহিদুল ইসলাম, উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, বগুড়া। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন শাজাহানপুর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রেবেকা সুলতানা। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মো: মাহবুব আলম।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারী-মার্চ ২০২৪) সংখ্যা ০৪



## বগুড়া চরাঞ্চলে আমেরিকান পর্যটকবৃন্দের গাক'র উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক সারিয়াকান্দি চরাঞ্চলে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম ২ মার্চ ২০২৪ তারিখে আমেরিকা'র ১৭ জন পর্যটক সরেজমিনে পরিদর্শন করেন। পর্যটকবৃন্দ প্রত্যন্ত চরাঞ্চলে গাক কর্তৃক দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে তাদের আর্থ-সামাজিক উন্নয়নে নানা ধরণের কার্যক্রম পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন।




## ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষ্যে গাক'র আরএমটিপি প্রকল্পের "পুষ্টি ক্যাম্পেইন" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি প্রকল্পের আওতায় আয়োজিত পুষ্টি ক্যাম্পেইনের শুভ উদ্বোধন করেন পিকেএসএফ'র সিনিয়র মহাব্যবস্থাপক ও প্রকল্প সমন্বয়কারী ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম। ৭ মার্চ, ২০২৪ বৃহস্পতিবার গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার খোট্টাপাড়া ইউনিয়নের খোট্টাপাড়া গ্রামে ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে স্থানীয় স্কুলের শিক্ষার্থী, অভিভাবক ও গ্রামবাসীদের পুষ্টি বিষয়ক প্রচারণা ও সচেতনতা নিয়ে পুষ্টি ক্যাম্পেইনের আয়োজন করা হয়। শিশুদের অংশগ্রহণে পুষ্টি বিষয়ক র‍্যালির মাধ্যমে উক্ত ক্যাম্পেইন শুরু হয়। র‍্যালি শেষে আমন্ত্রিত অতিথিবৃন্দ পুষ্টি ক্যাম্পেইনের পোল্ট্রি, দুগ্ধ ও পুষ্টিজাত পণ্য বিষয়ক মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন। ক্যাম্পেইনে উপস্থিত শিক্ষার্থী, অভিভাবক ও গ্রামবাসীদের পুষ্টি বিষয়ক বিভিন্ন ভিডিও মডিউল প্রদর্শন করা হয়। এরপর শিশুদের অংশগ্রহণে পুষ্টি বিষয়ক চিত্রাংকন প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, গান ও নৃত্য পরিবেশন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বগুড়া জেলার সিভিল সার্জন ডাঃ মোহাম্মদ শফিউল আজম, শাজাহানপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ মোতারফ হোসেন, গাক'র সিনিয়র পরিচালক ড. মাহবুব আলম, পরিচালক (এমএফ-১) পংকজ কুমার সরকার, পিকেএসএফ এর ব্যবস্থাপক ও নিউট্রিশন স্পেশালিস্ট জনাব কপিল কুমার পাল, আরএমটিপি প্রকল্পের ভ্যালু চেইন প্রজেক্ট ম্যানেজার ডাঃ মোঃ এরফান আলী, পুষ্টিবিদ মোঃ শামসুল হুদা, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মো: জিয়াউদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক মোঃ রহমত আলী সহ প্রকল্পের অন্যান্য কর্মরতবৃন্দ।

## পিকেএসএফ এর সিনিয়র মহাব্যবস্থাপক কর্তৃক আরএমটিপি প্রকল্পের মাঠ পরিদর্শন, সফল উদ্যোক্তাদেরকে সম্মাননা স্মারক, সনদ ও ল্যাপটপ প্রদান



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পিকেএসএফ, ইফাদ, ডানিডা এর আর্থিক ও কারিগরী সহায়তায় পরিচালিত আরএমটিপি প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম ৬ মার্চ ২০২৪ তারিখে সরেজমিনে পরিদর্শন করেন পিকেএসএফ এর সিনিয়র মহাব্যবস্থাপক ও প্রকল্প সমন্বয়কারী ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন গাক এর সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (এমএফ-১) পংকজ কুমার সরকার, পিকেএসএফ এর ব্যবস্থাপক ও নিউট্রিশন স্পেশালিস্ট জনাব কপিল কুমার পাল, আরএমটিপি প্রকল্পের ভ্যালু চেইন প্রজেক্ট ম্যানেজার ডাঃ মোঃ এরফান আলী, পুষ্টিবিদ মোঃ শামসুল হুদা, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়াউদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক ডাঃ মোঃ জিয়াউর রহমান সহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

পরিদর্শন পরবর্তীতে গাক প্রধান কার্যালয়ে সংস্থার প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপ-প্রকল্পের সফল উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য পরিদর্শন, সম্মাননা স্মারক, সনদ প্রদান ও আলাচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপ-প্রকল্পের সফল উদ্যোক্তাদের অভিনন্দন জানিয়ে সম্মাননা স্মারক, সনদ ও ল্যাপটপ প্রদান করা হয়।



## গাক চক্ষু হাসপাতাল বগুড়া কর্তৃক ইমাম, মোয়াজ্জেম ও শিক্ষকদের নিয়ে প্রাথমিক চক্ষু পরিচর্যা কর্মশালা অনুষ্ঠিত

৭ই মার্চ ২০২৪ ইং তারিখে গাক চক্ষু হাসপাতাল, বগুড়ায় একটি চক্ষু পরিচর্যা কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ডাঃ এইচ, এস, এম মোঃ রেজাউন্নবী মন্ডল এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাক'র নির্বাহী পরিচালক ড.খন্দকার আলমগীর হোসেন। অনুষ্ঠানে নির্বাহী পরিচালক উপস্থিত সকল ইমামদের বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও ছানি অপারেশন এর ঘোষণা দেন। তিনি আরও বলেন স্বল্পমূল্যে উন্নত চিকিৎসায় দরিদ্র বান্ধব গাক চক্ষু হাসপাতাল মানুষের সেবায় সবসময় নিয়োজিত থাকবে। আউটরীচ কো-অর্ডিনেটর মোঃ মোজাহিদুল ইসলাম এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ডাঃ মোঃ শফিকুল আলম, সিনিয়র কনসালটেন্ট, গাক চক্ষু হাসপাতাল, বগুড়া, জনাব মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক, গাক, জনাব মোঃ শাখাওয়াত হোসেন, ম্যানেজার গাক চক্ষু হাসপাতাল, বগুড়া।

Gram Unnayan Karma (GUK)

# গাক তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারী-মার্চ ২০২৪) সংখ্যা ০৪



## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পক্ষ থেকে বগুড়া জেলা প্রশাসক কার্যালয়ের বটতলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদার সহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।



## গাক সমৃদ্ধি কর্মসূচির আওতায় বিনামূল্যে চক্ষু ক্যাম্প আয়োজন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসূচির আওতায় নবাদরী সরকারি প্রাথমিক বিদ্যালয়, সারিয়াকান্দি, বগুড়ায় ২৪ই ফেব্রুয়ারী ২০২৪ ইং তারিখে বিনামূল্যে চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়।

আউটরীচ কো-অর্ডিনেটর মোঃ শাহিনুর রহমান এর সঞ্চালনায় উক্ত ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনাব মোঃ ফজলে নূর নান্নু, প্রধান শিক্ষক, দীঘলকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ডাঃ এ, এন, এম, নাজিব মোর্শেদ (নাঈম), মেডিকেল অফিসার, গাক চক্ষু হাসপাতাল, বগুড়া, মোঃ সাদিকুল ইসলাম, সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী, গাক। উক্ত ক্যাম্পে ১৯৩ জন চক্ষু রোগীর চক্ষু পরীক্ষান্তে ২০ জন রোগীর বিনামূল্যে চোখের ছানি অপারেশন করা হয়।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম দিন ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত



স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম দিন ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষ্যে গাক'র প্রধান কার্যালয় হল রুমে আলোচনা সভা ও দোয়া মাহফিল এর আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (এমএফ-১) পংকজ কুমার সরকার, পরিচালক (এসএমএপি) মোঃ আবু রায়হান মিয়া, যুগ্ম পরিচালক মোঃ হাসান আশরাফুজ্জামান, মোঃ রবিউল ইসলাম, মোঃ রাফিউল ইসলাম, গাক'র পরামর্শক মোঃ মোবারক হোসেন তালুকদার, উপপরিচালক মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী- কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদার সহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। উক্ত আলোচনা সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শৈশব, কৈশোর ও রাজনৈতিক জীবনের এর স্মৃতিচারণ, দূরদর্শিতা, স্বাধীন জাতি গঠনে নেতৃত্ব প্রদান ইত্যাদি গুণাবলী নিয়ে আলোচনা শেষে দোয়া মাহফিলের মাধ্যমে তাঁর আত্মার মাগফিরাত কামনা করা হয়।



## ২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পক্ষ থেকে সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন

২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পক্ষ থেকে সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মো: মাহবুব আলম, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (এমএফ-১) পংকজ কুমার সরকার, উপ-পরিচালক জনাব মোঃ আরমান হোসেন, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদার সহ সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জানুয়ারী-মার্চ ২০২৪) সংখ্যা ০৪



## ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে "সুপণ্য সমাহার: পরিবেশবান্ধব ক্ষুদ্র উদ্যোগ মেলা ২০২৪" এর আয়োজন

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) প্রকল্পের আয়োজনে ৮-১০ ফেব্রুয়ারি ২০২৪ তিন দিনব্যাপী ঢাকার আগারগাঁওয়ে বঙ্গবন্ধু অন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কার্নিভাল হলে অনুষ্ঠিত হয়"সুপণ্য সমাহার: পরিবেশবান্ধব ক্ষুদ্র উদ্যোগ মেলা ২০২৪"। ৮ ফেব্রুয়ারি (বৃহস্পতিবার) মেলাটি শুভ উদ্বোধন করেন পিকেএসএফ-এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। এ সময় উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। মেলার উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন পিকেএসএফ-এর ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার এনডিসি এবং পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোঃ ফজলুল কাদের। মেলায় পিকেএসএফ-এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় ৪৭ টি সহযোগী সংস্থা কর্তৃক ৭৭টি স্টলে পণ্য সামগ্রী প্রদর্শন/বিক্রয় করা হয়। উক্ত মেলায় গাক'র ৩ টি স্টলে উদ্যোক্তাদের উৎপাদিত বিভিন্ন পণ্য সামগ্রী প্রদর্শন ও বিক্রয় করা হয়।



## জৈব সার কারখানার উদ্যোক্তাকে অনুদানের চেক প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার আড়িয়া ইউনিয়নের নয়মাইল, নদিবালা এলাকায় জনাব তোফায়েল আহমেদ 'স্মার্ট অর্গানিক কম্পোষ্ট প্লান্ট' নামে একটি জৈব সার কারখানা স্থাপন করেন। প্রকল্পের আওতায় উক্ত উদ্যোক্তাকে জৈব সার কারখানা উন্নয়নের জন্য আর্থিক অনুদান স্বরূপ চেক প্রদান করা হয়। প্রকল্পটি আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় বাস্তবায়িত হচ্ছে।

## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ" অনুষ্ঠিত



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ"গত ২৩-২৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। সংস্থায় যোগদানকৃত নতুন ফিল্ড অফিসারদের অংশগ্রহণে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সটির আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মো: মাহবুব আলম। প্রশিক্ষণ কোর্সটি গাক'র ট্রেনিং কো-অর্ডিনেটর জনাব মো: কবীর উদ্দিন এর প্রত্যক্ষ তত্বাবধানে পরিচালিত হয়। এছাড়াও সেশন পরিচালনা করেন গাজীপুর জোন-ইনচার্জ জনাব মোঃ আমজাদ হোসেন। কোর্সটির সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মো: মাহবুব আলম। তিনি নতুন মাঠ কর্মকর্তাদের গাকে স্বাগত জানান। সেই সাথে সততা, নিষ্ঠা ও পরিশ্রমের মাধ্যমে অর্পিত দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।